



স্মারক নং : ০৫.৪৪.৮৭৯০.০০০.৩৮.০০৭.২১-১৭

তারিখ : ০৫/০১/২০২২ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি


বাংলাদেশ গেজেটের ৬ মে, ২০১৫ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২১ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ/ ০৪ মে ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের এস,আর ও নং-৮৯ আইন/২০১৫ এর দ্বিতীয় অধ্যায়ের আদেশ এবং বাংলাদেশ গেজেটের ১৩ জুলাই, ২০১৬ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২৮ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ/ ১২ জুলাই ২০১৬ খ্রিষ্টাব্দ তারিখের এস,আর,ও নং-২২৭-আইন/২০১৬ এর প্রদত্ত আদেশ এবং বাংলাদেশ গেজেটের ১৫ নভেম্বর, ২০১৬ তারিখে অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২৯ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ/ ১৩ নভেম্বর, ২০১৬ তারিখের এস,আর,ও নং- ৩৩৬-আইন/২০১৬ এ প্রদত্ত আদেশবলে সাতক্ষীরা জেলাধীন তাল্লা উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের (মহল্লাদার) শূন্যপদে লোক নিয়োগের জন্য স্ব-স্ব ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	পদের সংখ্যা		ওয়ার্ড নং	পদের বিপরীতে মাসিক বেতন		শিক্ষাগত যোগ্যতা
		দফাদার	মহল্লাদার		মহল্লাদার		
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	তেঁতুলিয়া	-	১	৩ ওয়ার্ড	সরকার কর্তৃক নির্ধারিত হারে		মহল্লাদার : সরাসরি নিয়োগের ক্ষেত্রে : অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২	ইসলামকাটি	--	১	৩ নং ওয়ার্ড			
০৩	মাগুরা	-	১	৪ নং ওয়ার্ড			
০৪	জালালপুর		১	২ নং ওয়ার্ড			

- ১। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ইউনিয়ন বা, সম্ভব হলে ওয়ার্ড হতে নিয়োগ প্রদান করা হবে।
- ২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স (২৩/০১/২০২২ খ্রিঃ), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখ সহ প্রার্থীকে স্বহস্তে আবেদন করতে হবে।
- ৩। প্রার্থীর উচ্চতা পুরুষ প্রার্থীর ক্ষেত্রে কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) ও ওজন সর্বনিম্ন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) ও ওজন সর্বনিম্ন ৪৫ কেজি।
- ৪। আবেদনের সাথে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।
- ৫। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদপত্র (খ) জাতীয় পরিচয় পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি (গ) পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদ (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সত্যায়িত সনদ। সকল সত্যায়িত কাগজপত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামাঙ্কিত সিল থাকতে হবে, তা না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৬। কোন কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ৭। ১০.০০ (দশ) টাকা ডাকাটিকিট লাগানো প্রার্থীর ঠিকানা সম্বলিত ৪.৫x১০ ইঞ্চি সাইজের একটি খাম আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

চলমান পাতা-০২

- ৮। প্রার্থীর বয়স আগামী ২৩/০১/২০২২ খ্রিঃ তারিখ ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ৯। প্রার্থীকে আগামী ২৩/০১/২০২২ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে আবেদনপত্র জমা দিতে হবে। বিলম্বে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল করতে পারবে।



 ০৩/০১/২২
 প্রশান্ত কুমার বিশ্বাস
 উপজেলা নির্বাহী অফিসার
 তালা, সাতক্ষীরা।

স্মারক নং : ০৫.৪৪.৮৭৯০.০০০৩৮.০০৭.২১- ১৭

তারিখ : ০৫/০১/২০২২ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের জন্য (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রীপরিষদ সচিব, মন্ত্রীপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জনাব মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য, ১০৫-সাতক্ষীরা-১, তালা-কলারোয়া।
- ৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৬। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ৭। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।
- ৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালা, সাতক্ষীরা।
- ১০। সহকারী কমিশনার (ভূমি), তালা, সাতক্ষীরা।
- ১১। উপজেলা অফিসার (সকল), তালা।
- ১২। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), তালা, তাকে ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড, ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়নের তথ্য বাতায়ন এবং হাট/বাজারে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৩। উপজেলা ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা। উপজেলা তথ্য বাতায়নে বিজ্ঞপ্তি প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- ১৪। উপজেলা নির্বাহী অফিস, তালা নোটিশ বোর্ড।
- ১৫। অফিস কপি।


 ০৫/০১/২২
 উপজেলা নির্বাহী অফিসার
 তালা, সাতক্ষীরা।